

## অস্বচ্ছ প্রক্রিয়ায় মেডিকলে ভর্তির পায়তারা চলছে

বিশেষ প্রতিনিধি •

মেডিকলে ভর্তি, পরীক্ষা বাতিল করে সরকার বৈরচাচারী পন্থায় নিয়োগ দেবে। পোপন ও অস্বচ্ছ প্রক্রিয়ায় সরকারি পদের সমর্থকদের ছোপেছোপেদের ভর্তি করানোর উদ্দেশ্যে নতুন এ পদ্ধতি চালু করা হয়েছে।

পাতকাল বুধবার জাতীয় প্রেসক্লাবে 'এমবিবিএন ও বিডিএস ভর্তি পরীক্ষা ২০১২' শীর্ষক উন্মুক্ত আলোচনায় অংশগ্রহণকারীরা এসব কথা বলেন। বিএনপির সমর্থক চিকিৎসকদের সংগঠন উটরস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ডাব) এ সভার আয়োজন করে।

অনুষ্ঠানে সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা অধ্যাপক এম এ মাজেদ বলেন: একজন ভর্তি-ইচ্ছুক শিক্ষার্থীর চিকিৎসাবিদ্যা পড়ার ক্ষমতা আছে কি না, তা অবশ্যই যাচাই হওয়া দরকার। সরকারের প্রত্যাভিত পদ্ধতিতে দক্ষতা যাচাই করার ব্যবস্থা নেই।

অনুষ্ঠানে মূল বক্তব্য উপস্থাপন করেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের নিও শৈল্যবিদ্যা বিভাগের অধ্যাপক মোহাম্মদ সাইফুল ইসলাম।

সভায় একাধিক আলোচক বলেন, আটটি সাধারণ ও মন্ত্রণা বোর্ডে ভিন্ন ভিন্ন প্রক্রিয়ায় পরীক্ষা হয়। সব বোর্ডে পরীক্ষা গ্রহণের মান ও উত্তরসমূহ দেবার মানও এক রকম নয়। তাই একই জিপিএ পাওয়া শিক্ষার্থীদের মধ্যে এক রকম নয়। অথচ সরকার সরকারকে এক পাল্লায় মাপতে চাইছে।

সাবেক স্বাস্থ্যমন্ত্রী ও বিএনপির স্থায়ী কমিটির সদস্য খন্দকার মোশাররফ হোসেন বলেন, বিশ্ববিদ্যালয়গুলো বা কুয়েটে পরীক্ষার মাধ্যমে ভর্তির পদ্ধতি বহাল রেখেছে সরকার। শুধু মেডিকলে পরীক্ষা বাতিল করে বৈধতা করা হচ্ছে। তিনি বলেন, হীন উদ্দেশ্যে সরকার এটা করছে।

আলোচনায় অংশ নিয়ে বিশিষ্ট জনস্বাস্থ্যবিদ জাফরুল্লাহ চৌধুরী বলেন, শিক্ষার্থীরা পরীক্ষা দিতে চায়, এটা গুণগত একটা পরিবর্তন। তিনি বলেন, পদ্ধতি এমন হতে হবে যেন ভর্তির মাধ্যমে জবিষ্যতের একজন মানবিক গুণসম্পন্ন চিকিৎসক পাওয়া অনেকটা নিশ্চিত হওয়া যায়। ডাবের মহাসচিব এ জেড এম জাহিদ হোসেনের সভাপনতায় অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি এ কে এম আজিজুল হক।

### ডাবের সভায় অভিযোগ